# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৮৪১

৫৫. বায়’আত অধ্যায় (كتاب البيعة)

পরিচ্ছেদঃ ১. বায়’আত সম্পর্কিত বিবরণ

بَاب مَا جَاءَ فِي الْبَيْعَةِ

আরবী

وَحَدَّثَنِي مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ كَتَبَ إِلَى عَبْدِ الْمَلِكِ بْنِ مَرْوَانَ يُبَايِعُهُ فَكَتَبَ إِلَيْهِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ أَمَّا بَعْدُ لِعَبْدِ اللَّهِ عَبْدِ الْمَلِكِ أَمِيرِ الْمُؤْمِنِينَ سَلَامٌ عَلَيْكَ فَإِنِّي أَحْمَدُ إِلَيْكَ اللَّهَ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ وَأُقِرُّ لَكَ بِالسَّمْعِ وَالطَّاعَةِ عَلَى سُنَّةِ اللَّهِ وَسُنَّةِ رَسُولِهِ فِيمَا اسْتَطَعْتُ

বাংলা

রেওয়ায়ত ৩. আবদুল্লাহ ইবন দীনার (রহঃ) হইতে বর্ণিত, আবদুল্লাহ ইবনে উমর (রাঃ) আবদুল মালিক ইবনে মারওয়ানের নিকট এই মর্মে একটি বায়’আতনামা লিখিলেন, বিসমিল্লাহির রাহমানির রাহীম, আল্লাহর বান্দা আবদুল মালিকের নিকট, যিনি মুসলিমদের আমীর। আপনার উপর শান্তি বর্ষিত হউক, আমি সেই আল্লাহর প্রশংসা করিতেছি, যিনি ব্যতীত অন্য কোন উপাস্য নাই। আমি এই কথার স্বীকারোক্তি দিতেছি, আমি আমার সাধ্যানুযায়ী আপনার কথা শ্রবণ করিব এবং মানিব যদি আল্লাহ্ ও তাহার রাসূলের নির্দেশ মুতাবিক হয়।[1]

## English

Malik related to me from Abdullah ibn Dinar that Abdullah ibn Umar wrote to Abd al-Malik ibn Marwan, making an oath of allegiance. He wrote, "In the name of Allah, the Merciful, the Compassionate. To the slave of Allah, Abd al-Malik, the amir al-muminin, Peace be upon you. I praise Allah to you. There is no god but Him. I acknowledge your right to my hearing and my obedience according to the sunna of Allah and the sunna of His Prophet, in what I am able."

ফুটনোট

[1] এখানে বুঝা যাইতেছে যে, ইসলামী রাষ্ট্রের রাষ্ট্রনায়ক যতক্ষণ আল্লাহ ও রাসূলের নির্দেশ মুতাবিক চলিবেন এবং তাহার আদেশ-নির্দেশ শরীয়ত মুতাবিক হইবে, ততক্ষণ নাগরিকদের জন্য তাহার আনুগত্য স্বীকার করা ওয়াজিব।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু দ্বীনার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74738

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন